OxiZone® Books


IN THE COMPETITiVE CONTEXT

# আধুনিক ইউরোপের ইতিহাস


(1789-1945) Gateway™



বিক্রম সরদার



Complete
REVEAL THEORY
with
CONVENTIONAL ADEQUATE MCQ



# সূচিপত্র


| | | |
|---|---|---|
| Ch 1 | প্রাক্ কথন : আধুনিক ইউরোপের পটভূমি | 001 - 011 |
| Ch 2 | ফরাসি বিপ্লবের কয়েকটি দিগন্ত | 012 - 044 |
| Ch 3 | নেপোলিয়ন বোনাপার্ট (১৭৯৯ - ১৮১৪ খ্রিস্টাব্দ) | 045 - 064 |
| Ch 4 | উনবিংশ শতকের ইউরোপ : রাজতান্ত্রিক ও জাতীয়তাবাদী ভাবধারার সংঘাত | 065 - 081 |
| Ch 5 | ১৮৩০ ও ১৮৪৮-এর বিপ্লব | 082 - 099 |
| Ch 6 | ফ্রান্সের ইতিহাস ও তৃতীয় প্রজাতন্ত্র | 100 - 112 |
| Ch 7 | ইতালির ঐক্য আন্দোলন | 113 - 127 |
| Ch 8 | জার্মানির ঐক্য আন্দোলন | 128 - 138 |
| Ch 9 | শিল্প বিপ্লব | 139 - 151 |
| Ch 10 | নতুন রাজনৈতিক মতাদর্শ | 152 - 162 |
| Ch 11 | সাম্রাজ্যবাদ ও ইউরোপের উপনিবেশ বিস্তার | 163 - 173 |
| Ch 12 | পূর্বাঞ্চল সমস্যা | 174 - 190 |
| Ch 13 | ইউরোপের সামরিক মেরুকরণ | 191 - 197 |
| Ch 14 | প্রথম বিশ্বযুদ্ধ ও শান্তি সম্মেলন | 198 - 215 |
| Ch 15 | জারতন্ত্রের শাসনে রাশিয়া (১৮১৫ - ১৯১৭ খ্রিস্টাব্দ) | 216 - 228 |
| Ch 16 | রুশ বিপ্লব | 229 - 243 |
| Ch 17 | ইতালিতে ফ্যাসিবাদের উত্থান | 244 - 257 |
| Ch 18 | জার্মানিতে নাৎসিবাদের উত্থান | 258 - 275 |
| Ch 19 | দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও তারপর | 276 - 292 |
| Ch 20 | জাতিসংঘ ও সম্মিলিত জাতিপুঞ্জ | 293 - 308 |
| | পরিশিষ্ট | 309 - 334 |
| | বিগত বছরের প্রশ্নাবলী | 335 - 339 |

প্রাক্ কথন

অধ্যায় 1

# আধুনিক ইউরোপের পটভূমি

(Background of Moder Europe)

- সমাজ ও সভ্যতার বিকাশের সূচনাপর্ব (প্রাগৈতিহাসিক যুগের পর) থেকে শুরু করে অদ্যাবধি ঘটে যাওয়া ঘটনাবলির কাল পরম্পরাগত বিবরণ ও বিশ্লেষণ হল ইতিহাসের বিষয়বস্তু।
- আমাদের মনে রাখতে হবে যে ইতিহাস কখনোই থেমে থাকে না। ইতিহাসের ধারা চির প্রবাহমান। দীর্ঘ বিবর্তন ও ক্রম বিকাশের মাধ্যমে এই পরিবর্তন বা যুগান্তর ঘটে।
- এই প্রসঙ্গে ঐতিহাসিক ফিশার বলেন যে " কোনও নির্দিষ্ট তারিখের ভিত্তিতে মধ্যযুগ থেকে আধুনিক যুগকে ভাগ করা যায় না। মধ্যযুগ থেকে আধুনিক যুগে উত্তরণ হয় ধারাবাহিক ভাবে।"
- ইতিহাস পাঠের সুবিধার জন্য পন্ডিতেরা তবু ইতিহাসকে প্রধানত তিনটি আলাদা পর্বে বিভক্ত করেছেন—প্রাচীন যুগ, মধ্যযুগ ও আধুনিক যুগ।

## প্রাচীন যুগ

### বিশেষত্ব :

- প্রাচীন যুগে ইউরোপের অন্যতম বৈশিষ্ট্য হল দাস প্রথা। এই সময় গ্রিস, রোমসহ সারা ইউরোপের অর্থনীতি দাস শ্রমের ওপর নির্ভরশীল।
- প্রাচিন যুগে রোম-গ্রিসে-অখ্রিস্টান প্যাগান ধর্মমত প্রচলিত ছিল। সাধারণভাবে মানুষ ধর্মনিরাপেক্ষ ও ভোগবাদী জীবনে অভ্যস্ত ছিল।
- এই সময় প্রাচীন গ্রিস ও রোমকে কেন্দ্র করে বিশাল সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। গ্রিস ও রোমের আদি সভ্যতা ও প্রভুত্বের যুগকে ইউরোপের ইতিহাসে ক্ল্যাসিক্যাল যুগ (Classical Age) বলা হয়।
- 476 খ্রিস্টাব্দে বর্বর জাতির আক্রমণের ফলে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন ঘটলে প্রাচীন যুগের অবসান হয়।

## মধ্যযুগ

### সময়কাল : 476-1453 খ্রিস্টাব্দ

### বিশেষত্ব :

- এই যুগের বৈশিষ্ট্য ছিল সামন্তপ্রথা, ম্যানর ভিত্তিক উৎপাদন, কৃষি নির্ভরতা ও ভূমিদাসত্ব।
- সামন্ততান্ত্রিক মধ্যযুগীয় সমাজ ক্রমোচ্চ স্তরে বিন্যস্ত ছিল। এই ব্যবস্থার শীর্ষে ছিলেন রাজন্যবর্গ মধ্যস্তরে ছিলেন অসংখ্যক সামন্ত সমাজের নিম্ন স্তরে ছিলেন কৃষক সম্প্রদায়। এদের নীচে ছিল অসংখ্য ভূমিদাস বা সার্ফ (Serf)।
- মধ্যযুগের মানুষের জীবনের কেন্দ্রে ছিল গির্জা।
- এই যুগের শেষের দিকে বাণিজ্য বিস্তার ঘটলে ও নগর গড়ে উঠলে আধুনিক শিল্প ও বাণিজ্যকেন্দ্রিক অর্থনীতির সুচনা হয়।

- ব্যাটলশিপ হল ইংল্যান্ডের যুদ্ধ জাহাজ।
- তুরস্কে 1520 খ্রিস্টাব্দ সুলেমান দ্য ম্যাগনিফিসেন্ট আধুনিক রাষ্ট্র গঠনের দিকে তুরস্ককে নিয়ে যান।
- "ওপাস মাজুস" গ্রন্থটি রচনা করেন—রজার বেকন।
- প্রিন্সিপিয়া ম্যাথামেটিকা গ্রন্থের লেখক হলেন—আইজাক নিউটন।
- "অন ক্রাইমস অ্যান্ড পানিশমেন্টস" গ্রন্থের লেখক হলেন—ইতালির অধ্যাপক বেক্কারিয়া

## Test Yourself

**1.** জন লকের সিভিল পার্লামেন্ট গ্রন্থটি কবে প্রকাশিত হয়?
Ⓐ 1690 খ্রিস্টাব্দ Ⓑ 1651 খ্রিস্টাব্দ
Ⓒ 1746 খ্রিস্টাব্দ Ⓓ 1555 খ্রিস্টাব্দ

**2.** নিম্নলিখিত কে বা কারা জ্ঞানদীপ্ত স্বৈরাচারী শাসক হিসেবে পরিচিত নন?
Ⓐ দ্বিতীয় যোসেফ Ⓑ দ্বিতীয় ফ্রেডারিক
Ⓒ চতুর্দশ লুই Ⓓ দ্বিতীয় ক্যাথারিন

**3.** লেভিয়াথান গ্রন্থটি কে রচনা করেন?
Ⓐ টমাস হবস Ⓑ জন লক
Ⓒ জার্মান দার্শনিক কান্ট Ⓓ রুশো

**4.** রেনেসাঁস একটি _____ শব্দ।
Ⓐ ফরাসি Ⓑ জার্মান
Ⓒ রুশ Ⓓ ফার্সি

**5.** কবে ফ্রান্সে সামন্ততন্ত্রের অবসান হয়?
Ⓐ 1789 খ্রিস্টাব্দ 14 জুলাই
Ⓑ 1787 খ্রিস্টাব্দ 20 জুন
Ⓒ 1789 খ্রিস্টাব্দ 4 আগস্ট
Ⓓ 1971 খ্রিস্টাব্দ 20 জুলাই

**6.** কাকে মানবতাবাদের রাজপুত্র বলা হয়?
Ⓐ পেত্রার্ককে
Ⓑ লিওনার্দো দা ভিঞ্চিকে
Ⓒ ইরাসমাসকে
Ⓓ কোপারনিকাসকে

**7.** নিম্নলিখিত কে মানবতাবাদ কথাটি সম্ভবত প্রথম ব্যবহার করেন?
Ⓐ মিশলে Ⓑ এফ. জে. নাইথাম্মের
Ⓒ জেকব বুর্খার্ট Ⓓ ইরাসমাস

**8.** প্রকৃতি রাজ্যের ধারণার কথা বলেন—
Ⓐ রুশো Ⓑ মন্তেস্কু
Ⓒ টমাস হবস Ⓓ জন লক

**9.** কোন্ রাজার রাজত্বকালে ইংল্যান্ডে গৌরবময় বিপ্লব (1688 খ্রিস্টাব্দ) ঘটে?
Ⓐ দ্বিতীয় জেমস Ⓑ দ্বিতীয় চার্লস
Ⓒ প্রথম চার্লস Ⓓ প্রথম জেমস

**10.** কাকে আধুনিক রাষ্ট্রনীতির বা আধুনিক রাষ্ট্রের জনক বলা হয়?
Ⓐ অ্যারিস্টটল Ⓑ ম্যাকিয়াভেলি
Ⓒ জন লক Ⓓ রুশো

**11.** ফ্রান্স _____ খ্রিস্টাব্দে ক্যাথলিক রাষ্ট্রে পরিণত হয়।
Ⓐ 1593 Ⓑ 1589
Ⓒ 1645 Ⓓ 1562

**12.** চরম রাজতন্ত্রের উৎসস্থল ছিল—
Ⓐ ইংল্যান্ড Ⓑ স্পেন
Ⓒ ফ্রান্স Ⓓ ইতালি

**13.** ইংল্যান্ডে সার্বভৌম রাজতন্ত্রের আনুষ্ঠানিক সূচনা হয়?
Ⓐ 1485 খ্রিস্টাব্দ Ⓑ 1562 খ্রিস্টাব্দ
Ⓒ 1603 খ্রিস্টাব্দ Ⓓ 1702 খ্রিস্টাব্দ

**14.** কাগজ তৈরির আধুনিক কৌশল প্রথমে শিখে নেয়—
Ⓐ চীন Ⓑ স্পেন
Ⓒ জার্মানি Ⓓ ফ্রান্স

**15.** কাকে 'the universal man' বলে অভিহিত করা হয়?
Ⓐ গ্যালিলি Ⓑ লিওনার্দো দা ভিঞ্চি
Ⓒ কোপারনিকাস Ⓓ মাইকেল এঞ্জেলো